



জেলা পরিষদ, সিলেট  
www.zp.sylhet.gov.bd  
e-mail: ceo.zpsylhet@gmail.com



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## অনলাইনে শিক্ষাবৃত্তি পূর্ণ:বিজ্ঞপ্তি

সিলেট জেলা পরিষদ কর্তৃক ২০১৯ সনে অনুষ্ঠিত এস.এস.সি/এইচ.এস.সি ও সমমান এবং ২০২০ সনে অনুষ্ঠিত শুধুমাত্র এস.এস.সি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, সিলেট জেলার স্থায়ী অধিবাসী গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদানের জন্য শুধুমাত্র অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদন ফরম পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে:

- আবেদনকারীকে [www.zp.sylhet.gov.bd](http://www.zp.sylhet.gov.bd) ওয়েবসাইট এর মাধ্যমে আবেদন করতে হবে।
- কেবল ২০১৯ সনে অনুষ্ঠিত এস.এস.সি/এইচ.এস.সি ও সমমান এবং ২০২০ সনে অনুষ্ঠিত শুধুমাত্র এস.এস.সি ও সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগের জিপিএ ৫.০০ প্রাপ্ত এবং মানবিক/বাণিজ্য বিভাগে সর্বনিম্ন জি.পি.এ ৪.৫০ প্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবেন। এস.এস.সি/এইচ.এস.সি ও সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর Scan কপি Upload করতে হবে।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষাদের ক্ষেত্রে জিপিএ ৩.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য প্রমাণের ক্ষেত্রে কেন্দ্রীয় মুক্তিযোদ্ধা কমন্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে যথাযথ সনদপত্রের Scan কপি Upload করতে হবে।
- আবেদনকারী যদি বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হয় সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক বিস্তারিত উল্লেখ পূর্বক সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি Scan করে Upload করতে হবে।
- উপজাতি ছাত্র ছাত্রীদের ক্ষেত্রে জিপিএ ৩.৫০ থাকতে হবে এবং উপজাতি হিসেবে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র Scan করে Upload করতে হবে।
- প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী সর্বনিম্ন ২.৫০ জি.পি.এ প্রাপ্ত হতে হবে এবং সনদপত্র Scan করে Upload করতে হবে।
- সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ হতে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে জন্মনিবন্ধন সনদের Scan কপি অবশ্যই Upload করতে হবে। (জন্মনিবন্ধন সনদের Scan কপি আকারে ৮০০x৬০০ পিক্সেল, ফরম্যাট: .jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে)
- আবেদনকারীর নাম English capital letter এ লিখতে হবে।
- আবেদনকারীর ছবি আকারে ১৫০x১৫০ পিক্সেল, ফরম্যাট: .jpg ও সাইজ- ৫০০ kb এর মধ্যে হতে হবে।
- বৃত্তির ফলাফল ই-মেইল ও মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। বৃত্তি গ্রহণের সময় আবেদনকারীর রেজিস্ট্রেশন কার্ড ও আবেদনের প্রাপ্তি স্বীকারপত্র /ই-মেইলের প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে।
- বৃত্তির আবেদন ফরম পূরণ করে অনলাইনে প্রেরণের ক্ষেত্রে ইতিমধ্যে জেলা পরিষদ ডিজিটাল সেন্টার সহ ১০৫টি ইউনিয়ন পরিষদ এর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগ্রহী ছাত্র/ছাত্রীগণ নিজ নিজ এলাকার ডিজিটাল সেন্টার এর সহায়তা গ্রহণ করে অনলাইনে আবেদন করতে পারবেন।
- কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/ বিয়োজন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ এর সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য।
- অসম্পূর্ণ আবেদনপত্র এবং চাহিত কাগজপত্র সংযুক্ত/অপলোড না করলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদন করার শেষ তারিখঃ ২০/১১/২০২১

*(Signature)*

০৮.১১.২০২১

দেবজিৎ সিংহ

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, সিলেট।

ফোন: ০৮২১-৭২৮০০৬

২১/১০/২০২১

০২ কার্তিক, ১৪২৮

তারিখ: .....

১৮ অক্টোবর, ২০২১

স্মারক নং : ৪৬.৬০.৯১০০.০১০.০০.০০৬.২১-০৪২(১০০)

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, সিলেট /হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ/সিলেট।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।

০৭। জেলা শিক্ষা অফিসার, সিলেট।

০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), ..... সিলেট।

০৯। সদস্য ..... জেলা পরিষদ, সিলেট।

১০। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ..... সিলেট।

১১। উদ্যোগ, জেলা পরিষদ/ইউনিয়ন ডিজিটাল সেন্টার ..... সিলেট।

১২। সম্পাদক, দৈনিক ..... সিলেট।

আপনার প্রতিকায় আগামী ২০/১১/২০২১ তারিখ ভিতরের পৃষ্ঠায় ৩ কলাম ৮ আকারে প্রচারের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।